The University of the State of New York

REGENTS HIGH SCHOOL EXAMINATION

# মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস এবং সরকার

**শুক্রবার,** 20 জুন, 2025 — 9:15 a.m. থেকে 12:15 p.m. পর্যন্ত শুধু

শিক্ষার্থীর নাম ______________________________

স্কুলের নাম ______________________________

**এই পরীক্ষা দেওয়ার সময় কোনো যোগাযোগের ডিভাইস সাথে রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। আপনার কাছে যদি কোনো যোগাযোগের ডিভাইস থাকে বা তা ব্যবহার করেন, তা যত সীমিত সময়ের জন্যই হোক না কেন, আপনার পরীক্ষাটি বাতিল করা হবে এবং আপনার জন্য কোনো নম্বর গণনা করা হবে না।**

উপরের লাইনগুলিতে আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখুন। অংশ I এর জন্য একটি পৃথক উত্তরপত্র আপনাকে প্রদান করা হয়েছে। আপনার উত্তর-পত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রোক্টরের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন।

এই পরীক্ষাটির তিনটি অংশ আছে। আপনাকে এই পরীক্ষার **প্রত্যেকটি** অংশের **সব কটি** প্রশ্নের উত্তর দিতে হবে। অংশ II, III A, এবং III B-এর উত্তর লেখার জন্য কালো বা গাঢ় নীল কালি ব্যবহার করুন।

**অংশ I** এ 28টি বহু-নির্বাচনী প্রশ্ন আছে। উত্তর পত্রে যেভাবে নির্দেশ দেওয়া আছে সেই ভাবে এই প্রশ্নগুলির উত্তরগুলি লিপিবদ্ধ করুন।

**অংশ II** দুটি সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্ন আছে। রচনার পুস্তিকাতে এই প্রশ্নগুলির উত্তর লিখুন, পৃষ্ঠা 3 থেকে শুরু করে।

**অংশ III** বেশ কয়েকটি নথির উপর ভিত্তিকরাা:

**অংশ III A**-তে বিভিন্ন নথি আছে। আপনি যখন পরীক্ষার এই অংশে পৌঁছাবেন, এই বিভাগের প্রথম পৃষ্ঠায় আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখবেন।

প্রতিটি নথির পরে একটি করে প্রশ্ন আছে। এই পরীক্ষা পুস্তিকার প্রতিটি প্রশ্নের উত্তর সেই প্রশ্নের পরে দেওয়া লাইনে লিখুন।

**অংশ III B**-তে একটি রচনা ধরনের প্রশ্ন থাকে যা নথিগুলির উপর ভিত্তি করে করা হয়। রচনার পুস্তিকাতে এই প্রশ্নগুলির উত্তর লিখুন, পৃষ্ঠা 7 থেকে শুরু করে।

পরীক্ষা সম্পন্ন করার পরে আপনাকে অবশ্যই উত্তরপত্রের শেষে মুদ্রিত ঘোষণায় স্বাক্ষর করতে হবে এই মর্মে যে পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তরগুলি সম্পর্কে আপনার কোনো আইন বিরুদ্ধ জ্ঞান ছিল না এবং পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সহায়তা প্রদান করেননি বা পাননি। আপনি এই ঘোষণায় স্বাক্ষর না করলে আপনার উত্তরপত্র গ্রহণ করা যাবে না।

**সঙ্কেত না দেওয়া অবধি এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।**


## অংশ I

### এই অংশের সকল প্রশ্নের উত্তর দিন।

*নির্দেশনা* (1–28): প্রত্যেকটি বিবৃতি বা প্রশ্নের জন্য, প্রদত্ত শব্দ বা ধারণা থেকে সেই শব্দটি বা ধারণাটির *নম্বর* পৃথক উত্তরপত্রে লিপিবদ্ধ করুন যা বিবৃতিটিকে সর্বোত্তমভাবে সম্পন্ন করে অথবা প্রশ্নটির উত্তর দেয়।

1 ও 2 নম্বর প্রশ্নের উত্তর নিচে অঙ্কিত বর্ণনা এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**দ্য টাউন অফ সেকোটা, 1590**



উৎস: Theodor de Bry, engraver (খোদাইকার), 1590 (অভিযোজিত)

1 এই অঙ্কিত বর্ণনা থেকে স্থানীয় আমেরিকান সমাজ সম্পর্কে কোন বক্তব্য অনুমান করা যেতে পারে?


(1) বাসিন্দারা মাঠের কাজের চেয়ে বেশি বিনোদনকে মূল্য দিত।
(2) ইউরোপীয় সমাজের উপর ভিত্তি করে তাদের গ্রামের বিন্যাস ছিল।
(3) অভ্যন্তরীণ সংঘাত এবং রোগ তাদের পতনের মুখে নিয়ে যায়।
(4) তাদের সম্প্রদায়গুলি পরিকল্পিত ছিল এবং একটি সংগঠিত জীবনধারাকে সমর্থন করেছিল।

2 একজন ঐতিহাসিক এই অঙ্কিত বর্ণনাটিকে সবচেয়ে বেশি উপকারী মনে করবেন

(1) ইউরোপীয় উপনিবেশের পূর্বে স্থানীয় আমেরিকান সমাজের বর্ণনায়
(2) স্থানীয় আমেরিকানরা কীভাবে কষ্টের সাথে মোকাবিলা করেছিল তার পরীক্ষায়
(3) স্থানীয় আমেরিকান সমাজে ঔপনিবেশিক নেতাদের প্রভাব ব্যাখ্যা করায়
(4) স্থানীয় আমেরিকান সমাজের লেনদেনের প্যাটার্ন বোঝার ক্ষেত্রে

3 এবং 4 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া ম্যাপ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তিতে করে দিন।

**উত্তর আমেরিকা, 1775**




উৎস: Schwartz and O'Connor, *Exploring American History* (*আমেরিকার ইতিহাস অন্বেষণ*), Globe Book Company (অভিযোজিত)

3 1763 সালের ঘোষিত সীমান্ত সাধারণত কোন ভৌগলিক বৈশিষ্ট্য মেনে চলে?

(1) গ্রেট লেক
(2) অ্যাপালাচিয়ান পর্বতমালা
(3) রকি পর্বতমালা
(4) মিসিসিপি নদী

4 1763 সালে ঘোষিত সীমান্ত প্রতিষ্ঠার প্রতি অনেক আমেরিকান ঔপনিবেশিকরা কেমন প্রতিক্রিয়া দেখিয়েছিলেন?

(1) এটি ব্রিটিশ কর্তৃত্বের অপব্যবহার বলে তারা যুক্তি দিয়েছিল।
(2) তারা ফ্লোরিডা উপদ্বীপে একটি উপনিবেশ স্থাপন করেছিলেন।
(3) তারা স্থানীয় আমেরিকানদের চুক্তিগুলিকে সম্মান করেছিল।
(4) তারা জাতীয় সড়ক নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি কিনেছিল।

5 ও 6 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

. . . এই বিষয়ে আলোচনার জন্য আমি যে পরিকল্পনাটি পেশ করেছি, তা অনুযায়ী, পরবর্তী যে বিষয়টি পরীক্ষা করা উচিত তা হল "ইউনিয়ন সংরক্ষণে বর্তমান কনফেডারেশনের অপ্রতুলতা।" . . .

আমাদের ক্ষেত্রে, ইউনিয়ন থেকে আসা প্রতিটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের সম্পূর্ণ বাস্তবায়নের জন্য, কনফেডারেশনের অধীনে, তেরোটি স্বতন্ত্র সার্বভৌম ঐক্যমত [সম্মতি] অপরিহার্য [প্রয়োজন]। যেমন অনুমান করা হয়েছিল, তেমনই ঘটেছে। ইউনিয়নের বিভিন্ন পদক্ষেপ কার্যকর করা হয়নি; স্টেটগুলির অপরাধ ধাপে ধাপে চরম পর্যায়ে পৌঁছেছে, যা শেষ পর্যন্ত জাতীয় সরকারের সমস্ত প্রক্রিয়া থামিয়ে দিয়েছে এবং তাদের এক ভয়াবহ অবস্থানে এনে দাঁড় করিয়েছে। বর্তমান যুক্তরাষ্ট্রীয় সরকারের ছত্রছায়ার পরিবর্তে আরও গুরুত্বপূর্ণ বিকল্প বিষয়ে স্টেটগুলি একমত হওয়ার সময় না পাওয়া পর্যন্ত, কংগ্রেসের কাছে এই সময়ে প্রশাসনের ধরন বজায় রাখার উপায় খুব কমই রয়েছে। পরিস্থিতি হঠাৎ করেই এমন চরম সীমায় পৌঁছায়নি। . . . প্রতিটি স্টেট, তাৎক্ষণিক স্বার্থ বা সুবিধার প্ররোচনামূলক কণ্ঠস্বরের কাছে নতি স্বীকার করে, ধারাবাহিকভাবে তার সমর্থন প্রত্যাহার করেছে, যতক্ষণ না পর্যন্ত এই ভঙ্গুর এবং বেসামাল ভবনটি আমাদের মাথার উপর ভেঙে পড়ে আমাদেরকে ধ্বংসস্তূপের নীচে পিষ্ট করে দেবে বলে মনে হয়।

উৎস: Alexander Hamilton (আলেকজান্ডার হ্যামিল্টন), *The Federalist Papers: No. 15 (ফেডারেলিস্ট পেপারস: নং 15)*, ডিসেম্বর 1, 1787 (অভিযোজিত)

5 এই অনুচ্ছেদের উপর ভিত্তি করে, আলেকজান্ডার হ্যামিল্টন (Alexander Hamilton) কোন পদক্ষেপের পরামর্শ দেবেন?

(1) জাতীয় সরকারকে শক্তিশালী করার
(2) রাজতন্ত্র প্রতিষ্ঠা করার
(3) স্টেটগুলির ক্ষমতা বৃদ্ধি করার
(4) কনফেডারেশনের ধারাগুলি ব্যবহার অব্যাহত রাখার

6 এই অনুচ্ছেদের ভিত্তিতে, *ফেডারেলিস্ট পেপারস (Federalist Papers)*-এর উদ্দেশ্য হল

(1) রাজনৈতিক দল গঠনে নিরুৎসাহিত করা
(2) ঔপনিবেশিকদের কাছে আমেরিকান বিপ্লবকে ন্যায্যতা দেওয়া
(3) সংবিধানের আনুষ্ঠানিক স্বীকৃতিকে সমর্থন করা
(4) অধিকার সংক্রান্ত বিলের পক্ষে যুক্তি দেখানো

7 ও 8 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . তাই, মার্কিন যুক্তরাষ্ট্রের বিচার বিভাগীয় আদালত প্রতিষ্ঠার আইন অনুসারে, সরকারি কর্মকর্তাদের প্রতি আদেশ জারি করার জন্য সুপ্রিম কোর্টকে যে কর্তৃত্ব দেওয়া হয়েছে, তা সংবিধান অনুযায়ী সমর্থিত বলে মনে হয় না; এবং এইভাবে অর্পিত [প্রদত্ত] এখতিয়ার প্রয়োগ করা যেতে পারে কিনা তা অনুসন্ধান করার প্রয়োজন হয়ে পড়ে। . . .
>
> নিশ্চিতভাবেই যারা লিখিত সংবিধান প্রণয়ন করেছেন তারা সকলেই এগুলোকে জাতির মৌলিক এবং সর্বোপরি আইন গঠনকারী হিসেবে বিবেচনা করেন, এবং ফলস্বরূপ, অপরিহার্যভাবে এই ধরনের প্রতিটি সরকারের তত্ত্ব হবে যে, সংবিধান পরিপন্থী [অসম্মত] আইনসভার কোনও কাজ বাতিল। . . .
>
> আইন বলতে কী বোঝায় তা স্পষ্টভাবে বলা বিচার বিভাগের দায়িত্ব এবং কর্তব্য। যারা নির্দিষ্ট ক্ষেত্রে নিয়মটি প্রয়োগ করেন, তাদেরকে অবশ্যই সেই নিয়মটির অর্থপ্রকাশ [ব্যাখ্যা] করতে হবে। যদি দুটি আইন একে অপরের পরিপন্থী হয়, তাহলে আদালতকে প্রতিটি আইনের কার্যকারিতা সম্পর্কে সিদ্ধান্ত নিতে হবে। . . .

উৎস: Chief Justice John Marshall (প্রধান বিচারপতি জন মার্শাল), Majority Opinion (সংখ্যাগরিষ্ঠ মতামত), *Marbury* v. *Madison (মারবুরি বনাম ম্যাডিসন),* ফেব্রুয়ারি 24, 1803 (অভিযোজিত)

7 এই মামলায় সুপ্রিম কোর্টের সিদ্ধান্ত যে নীতির ভিত্তিতে প্রতিষ্ঠিত হয়েছে তা হল

(1) স্টেটগুলির অধিকার
(2) প্রত্যাদেশ
(3) বিচারিক পর্যালোচনা
(4) জনপ্রিয় সার্বভৌমত্ত্ব

8 এই মামলায় সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের সরাসরি ফলাফল কী ছিল?

(1) ফেডারেল বিচার বিভাগের ক্ষমতা শক্তিশালী করা হয়েছিল।
(2) আদালতে বিচারপতির সংখ্যা বৃদ্ধি পেয়েছিল।
(3) বিচারিক বিভাগের ক্ষমতা বৃদ্ধি করা হয়েছিল।
(4) প্রশাসনিক বিভাগের কর্তৃত্ব সম্প্রসারিত হয়েছিল।

9 এবং 10 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . দ্রুত অপসারণের পরিণতি মার্কিন যুক্তরাষ্ট্রের কাছে, পৃথক স্টেট এবং ইন্ডিয়ানদের [নেটিভ আমেরিকানদের] কাছেও গুরুত্বপূর্ণ হবে। সরকারকে যে আর্থিক [টাকাপয়সার] সুবিধার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, তা তার সুপারিশের নিরিখে সবচেয়ে কম। এটি ইন্ডিয়ানদের নিয়ে জেনারেল [ফেডারেল] এবং স্টেট সরকারের কর্তৃপক্ষের মধ্যে সংঘর্ষের সম্ভাব্য সকল বিপদের অবসান ঘটায়। এটি দেশের বিশাল অঞ্চলে একটি ঘন এবং সভ্য জনসংখ্যা স্থাপন করবে যা এখন কিছু বর্বর শিকারীর দখলে রয়েছে। উত্তরে টেনেসি এবং দক্ষিণে লুইসিয়ানার মধ্যবর্তী সমগ্র অঞ্চলটি শ্বেতাঙ্গদের বসতি স্থাপনের জন্য উন্মুক্ত করে দেওয়ার মাধ্যমে এটি SW [দক্ষিণ-পশ্চিম] সীমান্তকে অগণিতভাবে [মারাত্মক] শক্তিশালী করবে এবং সংলগ্ন স্টেটগুলিকে দূরবর্তী সাহায্য ছাড়াই ভবিষ্যতের আক্রমণ প্রতিহত করার জন্য যথেষ্ট শক্তিশালী করে তুলবে। এটি সমগ্র মিসিসিপি স্টেট এবং আলাবামার পশ্চিম অংশকে ভারতীয় দখলদারিত্ব থেকে মুক্তি দেবে এবং জনসংখ্যা, সম্পদ এবং ক্ষমতায় এই স্টেটগুলিকে দ্রুত অগ্রসর হওয়ার সুযোগ দেবে। এটি ইন্ডিয়ানদের শ্বেতাঙ্গ বসতিগুলির সাথে তাৎক্ষণিক যোগাযোগ থেকে বিচ্ছিন্ন করবে; তাদেরকে স্টেটের ক্ষমতা থেকে মুক্ত করবে। . . .

উৎস: President Andrew Jackson (প্রেসিডেন্ট অ্যান্ড্রু জ্যাকসন), Second Annual Message to Congress (কংগ্রেসে দ্বিতীয় বার্ষিক বার্তা), ডিসেম্বর 6, 1830

9 প্রেসিডেন্ট অ্যান্ড্রু জ্যাকসন (Andrew Jackson)-র স্থানীয় আমেরিকানদের নিজস্ব গোষ্ঠীভুক্ত জমি থেকে অপসারণকে সমর্থন করার প্রাথমিক কারণ কী ছিল?


(1) এটি স্থানীয় আমেরিকানদের উর্বর কৃষিজমি প্রদান করেছিল
(2) এটি স্থানীয় আমেরিকানদের রাজনৈতিক সমর্থন দিয়েছিল
(3) এটি স্থানীয় আমেরিকান জমিকে শ্বেতাঙ্গ বসতির জন্য উন্মুক্ত করে দিয়েছিল
(4) এটি স্থানীয় আমেরিকানদের নাগরিকত্ব দিয়েছিল

10 দক্ষিণ-পূর্বে স্থানীয় আমেরিকানদের জমি নিয়ন্ত্রণের সাথে সুপ্রিম কোর্টের কোন মামলা সরাসরি সম্পর্কিত ছিল?

(1) *ম্যাককুলোচ* v. *মেরিল্যান্ড (McCulloch* v. *Maryland)*
(2) *ওরচেস্টার* v. *জর্জিয়া (Worcester v. Georgia)*
(3) *ড্রেড স্কট* v. *স্যানফোর্ড (Dred Scott v. Sanford)*
(4) *প্লেসি* v. *ফার্গুসন (Plessy v. Ferguson)*

11 ও 12 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া মানচিত্র এবং আপনার জীববিজ্ঞান সম্পর্কিত জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**1876 সালের নির্বাচনে নির্বাচনী ভোট**




উৎস: Blum et al., *The National Experience: A History of the United States (জাতীয় অভিজ্ঞতা: যুক্তরাষ্ট্রের ইতিহাস)*, Harcourt Brace Jovanovich, 1985 (অভিযোজিত)

11 1876 সালের প্রেসিডেন্ট নির্বাচনের নির্বাচনী ভোটের এই মানচিত্রটি দেখায় যে

(1) স্যামুয়েল টিলডেন (Samuel Tilden) বেশিরভাগ পশ্চিমী স্টেটে জিতেছেন

(2) উত্তরের বেশ কয়েকটি স্টেটের ভোট বিতর্কিত ছিল

(3) ডেমোক্র্যাটিক প্রার্থী তুলনায় কম জনপ্রিয় ভোট পেয়েছেন

(4) রাদারফোর্ড বি. হেইস (Rutherford B. Hayes) প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী হন

12 1876 সালের নির্বাচনের মিমাংসার জন্য আলোচনার একটি প্রধান ফলাফল কী ছিল?

(1) গৃহযুদ্ধের অবসান ঘটাতে কনফেডারেট জেনারেল রবার্ট ই. লি (Robert E. Lee) আত্মসমর্পণ করেন।

(2) নতুন ওয়েস্টার্ন অধিভুক্ত অঞ্চল যুক্ত হওয়ার মাধ্যমে ম্যানিফেস্ট ডেসটিনি সম্পন্ন হয়েছিল।

(3) 13তম সংশোধনী অনুমোদনের মাধ্যমে দাসপ্রথা বিলুপ্ত করা হয়েছিল।

(4) দক্ষিণ থেকে ইউনিয়ন সেনাবাহিনী সরিয়ে পুনর্গঠন শেষ হয়।

13 এবং 14 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া কবিতা এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তিত করে দিন

> . . . এখানে সমুদ্র ধোয়া, সূর্যাস্তের দ্বারে এসে
> দশ হাতে আলোর বিভায় যেন আবির্ভূত হয় সুসম্পন্না নারী।
> ভস্ম রুদ্ধ জেল্লা, নামের বিস্ময়
> জননী, নির্বাসিতের। হস্তধৃত আলোকিত বেশে
> বিশ্বব্যাপী আলোর আজান; . . .
> "তোমার ঐতিহ্য রাখো, রাখো যত ধীতল আশাকে!",
> মৌন ঠোঁটে বলে যান। "ভারাক্রান্ত, বিশৃঙ্খল,
> মুক্তিকামী জীর্ণের নাসাকে,
> সৈকতে মঞ্জুর করো ভাগ্যাহত, তাদের সুদিন।
> আমাকে পাঠাও জ্বরাক্রান্ত সকল সর্বনাশাকে,
> স্বর্ণদরজার পাশে আমি হয়ে রই প্রদীপ উড্ডীন

উৎস: Emma Lazarus, "The New Colossus" (নতুন দৈত্যপ্রতিমা), 1883 (অভিযোজিত)

13 কোন দল এই কবিতায় প্রকাশিত ধারণায় সবচেয়ে তীব্র বিরোধিতা করবে?

(1) আদিবাসী
(2) শিল্পপতি
(3) ভোটাধিকারবাদী
(4) সাম্রাজ্যবাদী

14 স্ট্যাচু অফ লিবার্টিতে থাকা এই শব্দগুচ্ছ 19 শতকের যে আমেরিকান সমর্থনকে প্রতিফলিত করে তা হল

(1) সমাজতন্ত্র
(2) জনতুষ্টিবাদ
(3) অভিবাসন
(4) নিরপেক্ষতা

---

15 ও 16 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . বিদেশে নতুন প্রতিযোগীদের হুমকির মুখে থাকা সত্ত্বেও, আমেরিকান অয়েলে স্ট্যান্ডার্ড অয়েলকে সর্বশক্তিমান [প্রচণ্ড শক্তিশালী] বলে মনে হয়েছিল। এর কার্যক্রম সম্পর্কে সবকিছুই ছিল বিশাল: বিশ হাজার কূপ তাদের উৎপাদন 4,000 মাইল স্ট্যান্ডার্ড অয়েল পাইপলাইনে ঢেলে দেয়, যা অপরিশোধিত তেলকে সমুদ্র উপকূলে অথবা 5,000 স্ট্যান্ডার্ড অয়েল ট্যাঙ্ক গাড়িতে পরিবহন করে। এই কম্বাইনটিতে এখন 100,000 লোক নিযুক্ত রয়েছে এবং প্রতিদিন 50,000 ব্যারেল তেল ইউরোপে রপ্তানির তত্ত্বাবধান করে। রকফেলারের সৃষ্টি নিয়ে কেবলমাত্র সর্বোচ্চ স্তরেই আলোচনা করা যেতে পারে: এটি ছিল বিশ্বের সবচেয়ে বড় এবং ধনী, সবচেয়ে ভয়ঙ্কর এবং প্রশংসিত ব্যবসায়িক প্রতিষ্ঠান। বছরের পর বছর ধরে স্থায়ী, নির্ভরযোগ্য মুনাফা অর্জন করে, রকফেলারকে এই মর্মে ক্ষমা করা যেতে পারে যে তিনি বিশ্বাস করেছিলেন যে তিনি ব্যবসায়িক চক্রকে ফাঁকি দিয়েছেন। যে মানুষটির শৃঙ্খলার আকাঙ্ক্ষা ছিল, তিনি তার সর্বোচ্চ শিখরে [চূড়ায়] পৌঁছেছিলেন। অপ্রত্যাশিত অর্থনৈতিক শক্তির অনুকম্পার উপর আর নির্ভরশীল না থেকে, তিনি মন্দার মধ্যেও উন্নতি করেছিলেন। . . .

উৎস: Ron Chernow, *Titan: The Life of John D. Rockefeller, Sr.* (টাইটান: জন ডি. রকফেলার, সিনিয়রের জীবন), Vintage Books, 1998

15 ইতিহাসবিদরা এই অনুচ্ছেদটি যে বিষয়ে অধ্যয়নে সবচেয়ে ভালোভাবে ব্যবহার করতে পারেন তা হল

(1) 19 শতকের গোড়ার দিকে পরিবহন বিপ্লব
(2) 19 শতকের শেষের দিকে শিল্পায়ন
(3) নতুন চুক্তির অধীনে কর্মসংস্থান সৃষ্টি
(4) কোটা আইনের প্রভাব

16 কোন লেখক রকফেলারের স্ট্যান্ডার্ড অয়েল কোম্পানির সন্দেহজনক ব্যবসায়িক কৌশল প্রকাশের জন্য বিখ্যাত হয়েছিলেন?

(1) আপটন সিনক্লেয়ার (Upton Sinclair)
(2) জ্যাকব রিলস (Jacob Riis)
(3) ইডা টারবেল (Ida Tarbell)
(4) মার্গারেট স্যাঙ্গার (Margaret Sanger)

---

17 ও 18 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> আমরা মনে করি, সাম্রাজ্যবাদ নামে পরিচিত নীতিটি স্বাধীনতার প্রতিকূল এবং সামরিক ব্যবস্থার দিকে ঝোঁক রয়েছে, এমন একটি মন্দ যা থেকে মুক্ত হওয়া আমাদের গৌরবের বিষয়। আমরা দুঃখিত যে ওয়াশিংটন এবং লিংকনের দেশে এটি পুনর্ব্যক্ত করা জরুরি হয়ে পড়েছে যে সমস্ত মানুষ, জাতি বা বর্ণ নির্বিশেষে, জীবন, স্বাধীনতা এবং সুখ অন্বেষণের অধিকারী। আমরা মনে করি, সরকার শাসিতদের সম্মতি থেকেই তাদের ন্যায্য ক্ষমতা অর্জন করে। আমরা জোর দিয়ে বলছি যে যেকোনো মানুষকে পরাধীন করা একধরনের "অপরাধমূলক আগ্রাসন" এবং আমাদের সরকারের স্বতন্ত্র নীতির প্রতি প্রকাশ্য অনাস্থা।
>
> আমরা ফিলিপিনের বর্তমান জাতীয় প্রশাসনের নীতির তীব্র নিন্দা জানাই। এটি ওই দ্বীপপুঞ্জের 1776 সালের চেতনাকে নিভিয়ে দিতে চায়। আমরা আমাদের সৈন্য এবং নাবিকদের আত্মত্যাগের জন্য শোক প্রকাশ করি, যাদের সাহসিকতা একটি অন্যায্য যুদ্ধেও প্রশংসার দাবি রাখে। আমরা ফিলিপিনবাসীদের হত্যাকাণ্ডকে অপ্রয়োজনীয় ভয়াবহতা বলে নিন্দা জানাই। . . .

উৎস: Platform of the American Anti-Imperialist League (আমেরিকান সাম্রাজ্যবাদ-বিরোধী লীগের ঘোষণাপত্র), 1899

17 কোন ঘটনার ফলে এই অনুচ্ছেদের বর্ণিত সমস্যা ঘটেছিল?

(1) মেক্সিকান-আমেরিকান যুদ্ধ
(2) গৃহযুদ্ধ
(3) স্প্যানিশ-আমেরিকান যুদ্ধ
(4) প্রথম বিশ্বযুদ্ধ

18 সম্ভবত কোন পদক্ষেপটি এই অনুচ্ছেদের লেখকরা প্রত্যাখ্যান করতেন?

(1) সিনেটরদের সরাসরি নির্বাচনের জন্য একটি সংশোধনীর অংশ
(2) বিশুদ্ধ খাদ্য ও ড্রাগ আইন (Pure Food and Drug Act) তৈরি
(3) ফেডারেল রিজার্ভ সিস্টেম (Federal Reserve System)-এর প্রতিষ্ঠা
(4) রুজভেল্ট করোলারি (Roosevelt Corollary)-র ঘোষণা

---

19 এবং 20 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া ইন্টারভিউ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তিতে করে দিন।

> . . . বাকস্বাধীনতার সবচেয়ে কঠোর সুরক্ষা কোনও ব্যক্তিকে মিথ্যা করে থিয়েটারে আগুন লেগেছে বলে চিৎকার করে আতঙ্ক সৃষ্টি করতে বাধা দিতে পারে না। . . . প্রতিটি ক্ষেত্রেই প্রশ্ন হল যে ব্যবহৃত শব্দগুলি কি এমন পরিস্থিতিতে ব্যবহৃত হয় এবং এমন প্রকৃতির যে এটি কোনো স্পষ্ট এবং বর্তমান বিপদ তৈরি করে, এবং তারা সেই বাস্তব মন্দ কাজগুলি ঘটাবে যা প্রতিরোধ করার অধিকার কংগ্রেসের রয়েছে। . . .

উৎস: Supreme Court Justice Oliver Wendell Holmes (সুপ্রিম কোর্টের বিচারপতি অলিভার ওয়েন্ডেল হোমস), Majority Opinion (সংখ্যাগরিষ্ঠের মতামত), *Schenck* v. *United States* (*সশ্রেণক* v. *যুক্তরাষ্ট্র*), 1919 (অভিযোজিত)

19 এই সিদ্ধান্তে, চার্লস শেঙ্কের কর্মকাণ্ডকে "স্পষ্ট এবং বর্তমান বিপদ" হিসেবে চিহ্নিত করা হয়েছিল কারণ মার্কিন যুক্তরাষ্ট্র

(1) সংগঠিত শ্রমিকদের ধর্মঘটের প্রতি সাড়া দিচ্ছিল
(2) নতুন অভিবাসন ব্যবস্থা বাস্তবায়ন করছিল
(3) বিশ্বযুদ্ধে অংশগ্রহণ করেছিল
(4) রাশিয়ার বিপ্লব নিয়ে উদ্বিগ্ন ছিল

20 সুপ্রিম কোর্টের এই সিদ্ধান্তের মাধ্যমে কোন সাংবিধানিক অধিকার সীমিত করা হয়েছিল?

(1) মত প্রকাশের স্বাধীনতা
(2) অস্ত্র বহনের অধিকার
(3) আলোচনার অধিকার
(4) জুরির কাছে ট্রায়াল

21 এবং 22 নম্বর প্রশ্নের উত্তর নিচের ভাষণ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . তাই, প্রথমত, আমি আমার দৃঢ় বিশ্বাসে জোর দিয়ে বলতে চাই যে আমাদের ভয় পাওয়ার একমাত্র কারণ হল ভয়—নামহীন, অযৌক্তিক, অন্যায্য সন্ত্রাস যা পশ্চাদপসরণের পরিবর্তে এগিয়ে যাওয়ার প্রয়োজনীয় প্রচেষ্টাকে পঙ্গু করে দেয়। আমাদের জাতীয় জীবনের প্রতিটি অন্ধকার সময়ে, স্পষ্টবাদিতা এবং প্রাণশক্তির নেতৃত্ব জনগণের সেই উপলব্ধি এবং সমর্থনের সাথে মিলিত হয়েছে যা বিজয়ের জন্য অপরিহার্য। আমি নিশ্চিত যে এই সংকটময় সময়ে আপনারা আবারও এই নেতৃত্বকে একইরকম সমর্থন করবেন। . . .

উৎস: President Franklin D. Roosevelt (প্রেসিডেন্ট ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট), First Inaugural Address (প্রথম অভিষেক ভাষণ), 4 মার্চ, 1933 (অভিযোজিত)

21 এই ভাষণে প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট কোন বিষয়টির উপর আলোকপাত করছেন?

(1) নিষেধাজ্ঞার ব্যর্থতা
(2) অর্থনৈতিক মহামন্দার কারণে সৃষ্ট অর্থনৈতিক সমস্যা
(3) পার্ল হারবার আক্রমণের ফলে সৃষ্ট ধ্বংসযজ্ঞ
(4) গ্রেট ব্রিটেনের সাথে সামরিক জোটের সম্ভাবনা

22 এই ভাষণে বর্ণিত পরিস্থিতির প্রতিক্রিয়ায় কোন কর্মসূচি তৈরি করা হয়েছিল?

(1) চৌদ্দ পয়েন্ট (Fourteen Points)
(2) নতুন চুক্তি (New Deal)
(3) লেন্ড-লিজ (Lend-Lease)
(4) গ্রেট সোসাইটি (Great Society)

---

23 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . এইভাবে, উচ্ছেদের আদেশের বৈধতার জন্য অপরিহার্য সামরিক প্রয়োজনীয়তা নিজেই কয়েকটি আভাস পায় যে কিছু ব্যক্তি সক্রিয়ভাবে শত্রুকে সহায়তা করেছিল, যার থেকে অনুমান করা যায় যে জাপানি আমেরিকানদের পুরো দলটির মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতি অনুগত্য বজায় থাকবে বলে বিশ্বাস করা যায় না। অবশ্যই, কেউ অস্বীকার করে না যে প্রশান্ত মহাসাগরীয় উপকূলে জাপানি বংশোদ্ভূত কিছু ব্যক্তি ছিলেন যাদের ভরসা করা যায় না এবং তাদের পূর্বপুরুষের মাটিকে সাহায্য করার জন্য তাদের ক্ষমতা প্রয়োগের সর্বাত্মক চেষ্টা করেছিলেন। আমাদের দেশে জার্মান, ইতালীয় এবং আরও অনেক অগ্রজ গোষ্ঠীর লোকেরা একই রকম রাজদ্রোহী কার্যকলাপে লিপ্ত হয়েছে। কিন্তু, ব্যক্তিগত অনানুগত্যের উদাহরণগুলি গোষ্ঠীর অনানুগত্যের প্রমাণ দেয় এবং সমগ্র গোষ্ঠীর বিরুদ্ধে বৈষম্যমূলক পদক্ষেপকে ন্যায্যতা দেয় বলে সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য, এই বিষয়টি অস্বীকার করতে হয় যে, আমাদের আইনী ব্যবস্থার অধীনে, ব্যক্তিগত অপরাধবোধই অধিকার বঞ্চিত করার একমাত্র ভিত্তি। . . .


উৎস: Supreme Court Justice Frank Murphy (সুপ্রিম কোর্টের বিচারপতি ফ্র্যাঙ্ক মার্ফি), Dissenting Opinion (ভিন্ন মত), *Korematsu* v. *United States* (*কোরেমাত্সু* v. *যুক্তরাষ্ট্র*), 1944 (অভিযোজিত)

23 *কোরেমাতসু* বনাম *মার্কিন যুক্তরাষ্ট্র* (*Korematsu* v. *United States*)-*এর* মামলায় সুপ্রিম কোর্টের বিচারপতি ফ্রাঙ্ক মারফি (Frank Murphy)-র ভিন্নমতের মূল কারণ কী ছিল?

(1) জাপানি আমেরিকানরা মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতি অনুগত রয়েছে বলে নিশ্চিত করা
(2) সামরিক বাহিনীতে জাপানি আমেরিকানদের অংশগ্রহণ বাড়ানো
(3) জাপানি আমেরিকানদের বন্দিত্বের বিরোধিতা প্রকাশ করা
(4) যুদ্ধকালীন সময়ে জাপানি আমেরিকানদের অধিকার সীমিত করার জন্য কংগ্রেসকে চাপ দেওয়া

24 এবং 25 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**কোলাহল আর হুঙ্কারের অবসান হয়; ক্যাপ্টেন আর রাজারা যে যার পথে চলে যায়**




উৎস: Herblock, *Washington Post*, 1951

24 এই কার্টুনে কোন ধারণা চিত্রিত করা হচ্ছে?

(1) রাষ্ট্রপতির দায়িত্বের সম্প্রসারণ
(2) রাষ্ট্রপতি ক্ষমতার উপর কংগ্রেসীয় সতর্কতা বৃদ্ধি
(3) মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র নীতিতে সুপ্রিম কোর্টের বর্ধিত ভূমিকা
(4) বৈদেশিক জোট শেষ করার জন্য নির্বাহী আদেশের ব্যবহার

25 এই কার্টুনে দেখানো সমস্যার কারণ কী?

(1) মানবাধিকারের সর্বজনীন ঘোষণাপত্র (Universal Declaration of Human Rights)-এ স্বাক্ষর করতে ব্যর্থতা
(2) নুরেমবার্গ যুদ্ধ সংক্রান্ত ট্রায়ালে করা রায়
(3) প্রেসিডেন্ট হ্যারি ট্রুম্যান (Harry Truman)-র সামরিক বাহিনীকে বিচ্ছিন্ন করার সিদ্ধান্ত
(4) স্নায়ু যুদ্ধের প্রতিদ্বন্দ্বিতার উত্থান

26 নম্বর প্রশ্নের উত্তর নিচের ভাষণ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . আমার পিছনে একটি প্রাচীর দাঁড়িয়ে আছে যা এই শহরের মুক্ত ক্ষেত্রগুলিকে ঘিরে রেখেছে, যা সমগ্র ইউরোপ মহাদেশকে বিভক্তকারী বিশাল প্রতিরোধ ব্যবস্থার অংশ। বাল্টিক অঞ্চল থেকে দক্ষিণে, এই বাধাগুলি পুরো জার্মানিতে কাঁটাতারের বেড়া, কংক্রিট, কুকুরের দৌড় এবং গার্ড টাওয়ার দিয়ে গভীরভাবে বিদ্ধ করেছে। আরও দক্ষিণে, হয়তো কোনও দৃশ্যমান, স্পষ্ট প্রাচীর নেই। কিন্তু সেখানে সশস্ত্র প্রহরী এবং চেকপয়েন্ট এখনও রয়ে গেছে—যাতায়াতের অধিকারের উপর এখনও নিষেধাজ্ঞা রয়েছে, যা এখনও সাধারণ পুরুষ ও মহিলাদের উপর একনায়কতান্ত্রিক রাষ্ট্রের ইচ্ছা চাপিয়ে দেওয়ার একটি হাতিয়ার। . . .
>
> কিন্তু আজ পশ্চিমে, আমরা এমন একটি মুক্ত বিশ্ব দেখতে পাচ্ছি যা মানব ইতিহাসে অভূতপূর্ব সমৃদ্ধি এবং কল্যাণের মাত্রা অর্জন করেছে। কমিউনিস্ট বিশ্বে আমরা ব্যর্থতা, প্রযুক্তিগত পশ্চাদপদসারণ, স্বাস্থ্যের মান হ্রাস, এমনকি সবচেয়ে মৌলিক জিনিস খাবারের অভাব—খুব কম খাবার দেখতে পাই। আজও, সোভিয়েত ইউনিয়ন নিজেদের খাবারের জোগান দিতে পারে না। এই চার দশক পরে, তাহলে, সমগ্র বিশ্বের সামনে এক মহান এবং অনিবার্য উপসংহার এসে দাঁড়িয়ে আছে: স্বাধীনতা থেকেই উন্নতি আসে। . . .

উৎস:President Ronald Reagan (প্রেসিডেন্ট রোনাল্ড রিগান), Speech at the Berlin Wall (বার্লিন প্রাচীরে ভাষণ), 12 জুন, 1987

26 প্রেসিডেন্ট রোনাল্ড রিগান (Ronald Reagan)-এর বক্তৃতার মূল ভাবনা-চিন্তা কী ছিল?

(1) পশ্চিম ইউরোপে মানবাধিকার লঙ্ঘনের প্রতি দৃষ্টি আকর্ষণ করা
(2) কমিউনিস্ট ব্লকে মানবিক সাহায্য বাড়ানো
(3) পূর্ব জার্মানিতে ফ্যাসিবাদের পুনঃউত্থান আটকানো
(4) কমিউনিজমের ব্যর্থতার উপর জোর দেওয়া

27 এবং 28 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: Tony Auth, *Philadelphia Inquirer*, 9 মে, 2004

27 এই কার্টুনের মূল ধারণাটি কী?

(1) সকল গোষ্ঠীর সমানাধিকার সহজেই অর্জন করা যায়।
(2) এক গোষ্ঠীর জন্য সমতার কঠিন পথ অন্যদের জন্যও পথ উন্মুক্ত করেছে।
(3) সমকামী বিবাহ জাতিগত এবং এথনিক গোষ্ঠীগুলির মধ্যে সমর্থন হারিয়েছে।
(4) সমতা অর্জনে নারীদের অন্যান্য যে কোনো গোষ্ঠীর চেয়ে বেশি অসুবিধা হয়েছিল।

28 কোন মূল সাংবিধানিক বিধানটি প্রায়ই আইনি সমতা চাওয়া দলগুলি ব্যবহার করে?

(1) 14তম সংশোধনী—আইনের সমান সুরক্ষা
(2) 4র্থ সংশোধনী—অযৌক্তিক অনুসন্ধান এবং বাজেয়াপ্তকরণের বিরুদ্ধে সুরক্ষা
(3) 6ঠ সংশোধনী—জুরি মারফৎ বিচারের অধিকার
(4) ধারা 1—নাগরিকত্ব অর্পণের জন্য নিয়ম প্রতিষ্ঠা

এই পৃষ্ঠা ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।

**সংক্ষিপ্ত রচনাধর্মী প্রশ্ন (29 ও 30) এবং (37)-নম্বরে নাগরিক সাক্ষরতা সংক্রান্ত রচনামূলক প্রশ্নের উত্তর আলাদা উত্তরপত্রে লিখতে হবে।**

## অংশ II

## সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নগুলি (SEQগুলি)

**এই সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নগুলি সঙ্গে দেওয়া নথিগুলির উপর ভিত্তি করা এবং ঐতিহাসিক নথি নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য তৈরি। প্রতিটি সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নের সেটে দু'টি করে নথি আছে। এই প্রশ্নগুলির উদ্দেশ্যে এই নথিগুলির কয়েকটি সম্পাদনা করা হয়েছে। মনে রাখবেন একটি নথিতে ব্যবহৃত ভাষা এবং ছবি সেই সময়ের ঐতিহাসিক প্রসঙ্গের প্রতিফলন করতে পারে যখন এটি তৈরি করা হয়।**

---

### SEQ সেট 1 (প্রশ্ন 29)

**কাজ: নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথিগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন।
- নথিতে প্রাপ্ত এই সমস্ত ঘটনা বা ধারণাগুলির মধ্যেকার ***সম্পর্ক*** (কারণ ও প্রভাব, ***কিংবা*** সাদৃশ্য/ বৈসাদৃশ্য, ***অথবা*** মোড়) শনাক্ত করুন ও তা ব্যাখ্যা করুন।

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিপ্ত রচনাটি তৈরি করার সময় অবশ্যই এই ব্যাখ্যাগুলি মনে রাখবেন:

**বর্ণনা করা** অর্থ "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা।"

**ঐতিহাসিক প্রেক্ষাপট** অর্থ "এই নথিগুলিতে দেওয়া ঘটনা, ধারণা, বা বিকাশের সাথে জড়িত বা সেগুলিকে যুক্ত করে এমন প্রাসঙ্গিক ঐতিহাসিক পরিস্থিতি।"

**শনাক্ত করুন** অর্থ "একটি নাম দেওয়া বা নাম করা।"

**ব্যাখ্যা করুন** অর্থ "সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর কারণ দেওয়া; বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।"

**<u>সম্পর্কের ধরন:</u>**

**কারণ** অর্থ "কোনো কিছু যা একটি ঘটনা ঘটার প্রতি অবদান রাখে, একটি ধারনার জাগরণ, বা কোনো বিকাশ সংঘটিত করা।"

**প্রভাব** অর্থ "একটি ঘটনা, একটি ধারণা বা একটি বিকাশের পরিণামস্বরূপ যা ঘটে (ফলাফল, প্রভাব, পরিণতি)।"

**মিল** বলতে কীভাবে "কোনো কিছু অন্য কোনো কিছুর মত হয় বা একই হয়।"

**পার্থক্য** বলতে কীভাবে "কোনো কিছু অন্য কোনো কিছুর মত নয় বা একই নয়।"

**সন্ধিক্ষণ** হল "বড় ঘটনা, ধারণা বা ঐতিহাসিক বিকাশ যা উল্লেখযোগ্য পরিবর্তন নিয়ে আসে। এটি স্থানীয়, আঞ্চলিক, জাতীয়, বা বৈশ্বিক হতে পারে।"

***SEQ সেট 1 নির্দেশনা* (প্রশ্ন 29):** নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন আপনার সংক্ষিপ্ত রচনাটি একটি পৃথক রচনা পুস্তিকায় লেখার আগে।

## নথি 1

কংগ্রেস প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন (Richard Nixon)-এর মিটিং এবং কথোপকথনের হোয়াইট হাউসের টেপ জমা দিয়েছে।

**দুই টেপের মাঝে ঝুলন্ত নিক্সন**




উৎস: Herblock, *Washington Post*, 24 মে, 1974

## নথি 2

> গতকাল সুপ্রিম কোর্ট সর্বসম্মতিক্রমে এবং নিশ্চিতভাবে রায় দিয়েছে যে, প্রেসিডেন্ট [রিচার্ড (Richard)] নিক্সনকে প্রেসিডেন্ট সর্বোচ্চ সহকারীদের বিচারের জন্য ওয়াটারগেটের বিশেষ প্রসিকিউটরের প্রয়োজনীয় হোয়াইট হাউসের কথোপকথনের টেপ রেকর্ডিংগুলি হস্তান্তর করতে হবে।
>
> "অবিলম্বে" [তৎক্ষণাৎ] বিচারের সমন জারির নির্দেশ দিয়ে, আদালত মিঃ নিক্সন (Mr. Nixon)-এর অ-পর্যালোচনাযোগ্য নির্বাহী বিশেষাধিকারের বিস্তৃত দাবিগুলি প্রত্যাখ্যান করে এবং বলে যে "একটি বিচারাধীন ফৌজদারি বিচারে প্রমাণের জন্য ব্যাখ্যা করা, নির্দিষ্ট প্রয়োজনীয়তার কাছে তাদের আত্মসমর্পণ করতেই হবে।"
>
> প্রেসিডেন্ট বলেছেন যে তিনি এই সিদ্ধান্তে "হতাশ" কিন্তু তিনি মেনে নেবেন। তাঁর আইনজীবী বলেন, টেপগুলি সংগ্রহ এবং সূচীবদ্ধ করার সময়সাপেক্ষ প্রক্রিয়াটি অবিলম্বে শুরু হবে। . . .
>
> অবশেষে, [প্রধান বিচারপতি ওয়ারেন ই. (Justice Warren E.)] বার্গার (Burger) বিরোধের মূলে পৌঁছে যান এবং তিনি দ্রুত বুঝতে পারেন যে আদালতকে প্রেসিডেন্টের নির্বাহী বিশেষাধিকারের দাবিকে প্রশ্নবিদ্ধ না করেই সেটির প্রতি সম্মান জানাতে হবে বিষয়টি নিয়ে প্রেসিডেন্ট নিক্সনের যুক্তি ভুল ছিল।
>
> বার্গার (Burger) বারবার বলেন যে আদালত সরকারের অন্যান্য শাখার প্রতি সর্বোচ্চ শ্রদ্ধা রাখে, কিন্তু প্রেসিডেন্টের গোপনীয়তার প্রয়োজনীয়তা বিচার বিভাগের প্রমাণের প্রয়োজনীয়তার মতোই জরুরি কিনা তা নিয়ে নিজস্ব রায় দিতেও বাধ্য। . . .

উৎস: John P. MacKenzie, *Washington Post,* 25 জুলাই, 1974 (অভিযোজিত)

---

### SEQ সেট 1 (প্রশ্ন 29)

**কাজ: আপনার এই নথিগুলি পড়ার এবং বিশ্লেষণ করার উপর ভিত্তি করে, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করুন দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথিগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন।
- নথিতে প্রাপ্ত এই সমস্ত ঘটনা বা ধারণাগুলির মধ্যেকার ***সম্পর্ক*** (কারণ ও প্রভাব, ***কিংবা*** সাদৃশ্য/ বৈসাদৃশ্য, ***অথবা*** মোড়) শনাক্ত করুন ও তা ব্যাখ্যা করুন।

**নির্দেশিকা:**

**আপনার সংক্ষিপ্ত রচনায় অবশ্যই**
- কাজটির সকল দিক বিকাশ করবেন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- কাজটি প্রাসঙ্গিক তথ্য এবং উদাহরণের সাহায্যে সমর্থন করবেন

আপনার দুই বা তিন অনুচ্ছেদের রচনায় একটি পৃথক ভূমিকা বা উপসংহার অন্তর্ভুক্ত করার প্রয়োজন *নেই*।

এই পৃষ্ঠা ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।

## SEQ সেট 2 (প্রশ্ন 30)

**কাজ: নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথি 1 ও 2-এর ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন
- বিশ্লেষণ করুন **নথি 2** মূল্যায়ন করে কীভাবে তা *দর্শক,* **বা** *উদ্দেশ্য,* **বা** *পক্ষপাত,* **বা** *দৃষ্টিভঙ্গি*-এর কারণে বিশ্বাসযোগ্য ও সাক্ষ্যবহ নথিতে সীমাবদ্ধ

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিপ্ত রচনাটি তৈরি করার সময় অবশ্যই এই ব্যাখ্যাগুলি মনে রাখবেন:

**বর্ণনা করা** অর্থ "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা।"

**ঐতিহাসিক প্রেক্ষাপট** অর্থ "এই নথিগুলিতে দেওয়া ঘটনা, ধারণা, বা বিকাশের সাথে জড়িত বা সেগুলিকে যুক্ত করে এমন প্রাসঙ্গিক ঐতিহাসিক পরিস্থিতি।"

**বিশ্লেষণ করুন** অর্থ "একটি নথি পরীক্ষা করা এবং তার উপাদানগুলি এবং সম্পর্কগুলি নির্ধারণ করা।"

**ব্যাখ্যা করুন** অর্থ "সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর কারণ দেওয়া; বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।"

**নির্ভরযোগ্যতা** নির্ধারণ করা হয় একটি উৎসে প্রাপ্ত তথ্য কতটা নিখুঁত এবং উপযোগী একটি নির্দিষ্ট উদ্দেশ্য সাধনের জন্য তার উপর ভিত্তি করে।

***SEQ সেট 2 নির্দেশনা* (প্রশ্ন 30):** নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন আপনার সংক্ষিপ্ত রচনাটি একটি পৃথক রচনা পুস্তিকায় লেখার আগে।

## নথি 1

. . . আমরা, স্বাক্ষরকারী বিজ্ঞানীরা, পারমাণবিক শক্তি নিয়ে কাজ করেই চলেছি। সাম্প্রতিক সময় পর্যন্ত আমাদের ভয় ছিল যে এই যুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্রে পারমাণবিক বোমার হানা হতে পারে এবং একইভাবে তার প্রতিরক্ষার একমাত্র পথ হল পাল্টা আক্রমণ। আজ, জার্মানির পরাজয়ের সাথে সাথে, এই বিপদটি দূর হয়েছে এবং এর পরে কী হবে তা আমরা বলতে বাধিত বলেই মনে করি:

যুদ্ধকে দ্রুত সফলভাবে শেষ করতেই হবে এবং সেক্ষেত্রে পারমাণবিক বোমার আক্রমণ যুদ্ধের একটি কার্যকর পদ্ধতি হতে পারে। তবে, আমরা মনে করি অন্তত পক্ষে জাপানের উপর যুদ্ধ পরবর্তী আরোপিত শর্তাবলী বিস্তারিতভাবে প্রকাশ করে জাপানকে আত্মসমর্পণের সুযোগ না দেওয়া পর্যন্ত জাপানের উপর এই ধরনের আক্রমণ ন্যায্য ছিল না।

যদি এই ধরনের প্রকাশ্য ঘোষণা জাপানিদের আশ্বাস দিত যে তারা তাদের মাতৃভূমিতে শান্তিপূর্ণ জীবনযাপনের আশা করতে পারে এবং জাপান যদি তখনও আমাদের দেশের আত্মসমর্পণে অস্বীকৃতি জানাতো, তাহলে কিছু পরিস্থিতিতে, তারা পারমাণবিক বোমা ব্যবহারের আশ্রয় নিতে বাধ্য হতে পারে। তবে, এর সাথে জড়িত নৈতিক দায়দায়িত্ব গুরুত্ব সহকারে বিবেচনা না করে কোনও সময়ই এই ধরনের পদক্ষেপ নেওয়া উচিত নয়।

পারমাণবিক শক্তির বিকাশ দেশগুলির হাতে ধ্বংসের নতুন উপায় তুলে দেবে। আমাদের হাতে থাকা পারমাণবিক বোমাগুলি এই অভিমুখে প্রথম পদক্ষেপ মাত্র এবং ভবিষ্যতে এগুলি আরও তৈরি করা হলে যে ধ্বংসাত্মক শক্তি পাওয়া যাবে তার প্রায় সীমাহীন। সুতরাং যে দেশ প্রকৃতির এই নতুন মুক্ত শক্তিগুলিকে ধ্বংসের উদ্দেশ্যে ব্যবহার করার নজির স্থাপন করে, তাদের অকল্পনীয় মাত্রায় ধ্বংসযজ্ঞের যুগের দ্বার উন্মুক্ত করার দায়িত্ব নিতে হতে পারে। . . .

উৎস: E. Lapp et al., Petition to the President of the United States from the Manhattan Project Scientists at Los Alamos (লস আলামোসের ম্যানহাটন প্রকল্পের বিজ্ঞানীদের পক্ষ থেকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টকে আবেদন), 17 জুলাই, 1945

**নথি 2**

. . . জাপানিরা আকাশ পথে পার্ল হারবারে যুদ্ধ শুরু করেছিল। তাদের বহুগুণ ঋণ পরিশোধ করতে হয়েছে। কিন্তু শেষ হয়েও শেষ হয়নি। এই বোমার সাহায্যে আমরা এখন আমাদের সশস্ত্র বাহিনীর ক্রমবর্ধমান শক্তির পরিপূরক হিসেবে ধ্বংসযজ্ঞে একটি নতুন এবং বিপ্লবী সমৃদ্ধি করেছি। বর্তমান আকারে এই বোমাগুলির এখন উৎপাদন চলছে এবং আরও শক্তিশালী রূপগুলি তৈরির কাজ চলছে।

এটি একটি পারমানবিক বোমা। এটি মহাবিশ্বের একটি মৌলিক শক্তির ক্ষমতাকে কাজে লাগাচ্ছে। যে শক্তি থেকে সূর্য তার শক্তি সংগ্রহ করে, তা দূরপ্রাচ্যে যুদ্ধ নিয়ে আসা মানুষদের বিরুদ্ধে নিঃশেষ হয়ে গিয়েছিল। . . .

আমরা এখন যেকোনো শহরে জাপানিদের প্রতিটি উৎপাদনশীল উদ্যোগকে আরও দ্রুত এবং সম্পূর্ণরূপে ধ্বংস করতে প্রস্তুত। আমরা তাদের ডক, তাদের কারখানা এবং তাদের যোগাযোগ ব্যবস্থা ধ্বংস করে দেব। কোনও ভুল যেন না হয়; আমরা জাপানের যুদ্ধ করার ক্ষমতাকে সম্পূর্ণরূপে ধ্বংস করে দেব।

জাপানি জনগণকে সম্পূর্ণ ধ্বংসের হাত থেকে রক্ষা করার জন্যই পটসডামে 26শে জুলাইয়ের চরমপত্র জারি করা হয়েছিল। তাদের নেতারা অবিলম্বে সেই চরমপত্র প্রত্যাখ্যান করেন। যদি তারা এখন আমাদের শর্ত মেনে না নেয়, তাহলে তারা আকাশ থেকে ধ্বংস বৃষ্টি নেমে আসার আশা করতে পারে, যেরকম বৃষ্টি এই পৃথিবীতে আগে কখনও দেখা যায়নি। এই বিমান আক্রমণের পরপরেই সমুদ্র ও স্থলবাহিনী এত সংখ্যায় এবং এত শক্তিতে অনুসরণ করবে যা তারা এখনও দেখেনি এবং যাদের যুদ্ধ দক্ষতা সম্পর্কে তারা ইতিমধ্যেই ভালোভাবে ওয়াকিবহাল। . . .

উৎস: President Harry S. Truman (প্রেসিডেন্ট হ্যারি এস. ট্রুম্যান), Statement Announcing the Use of the A-Bomb at Hiroshima (হিরোশিমায় পারমাণবিক বোমা ব্যবহারের ঘোষণা সংক্রান্ত বিবৃতি), 6 আগস্ট, 1945

---

**SEQ সেট 2 (প্রশ্ন 30)**

**কাজ: আপনার এই নথিগুলি পড়ার এবং বিশ্লেষণ করার উপর ভিত্তি করে, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করুন দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথি 1 ও 2-এর ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন
- বিশ্লেষণ করুন **নথি 2** মূল্যায়ন করে কীভাবে তা *দর্শক,* **বা** *উদ্দেশ্য,* **বা** *পক্ষপাত,* **বা** *দৃষ্টিভঙ্গি-*এর কারণে বিশ্বাসযোগ্য ও সাক্ষ্যবহ নথিতে সীমাবদ্ধ

**নির্দেশিকা:**

**আপনার সংক্ষিপ্ত রচনায় অবশ্যই**
- কাজটির সকল দিক বিকাশ করবেন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- কাজটি প্রাসঙ্গিক তথ্য এবং উদাহরণের সাহায্যে সমর্থন করবেন

আপনার দুই বা তিন অনুচ্ছেদের রচনায় একটি পৃথক ভূমিকা বা উপসংহার অন্তর্ভুক্ত করার প্রয়োজন *নেই*।

নাম ______________________ স্কুল ______________________

## অংশ III

### নাগরিক সাক্ষরতা সংক্রান্ত রচনা (প্রশ্ন নম্বর 31–37)

**নাগরিক সাক্ষরতা সংক্রান্ত রচনা প্রশ্নটি এর সাথে থাকা নথির উপর ভিত্তি করা। প্রশ্নটি আপনার ঐতিহাসিক নথি নিয়ে কাজ করার ক্ষমতার পরীক্ষা করার জন্য তৈরি। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলির কয়েকটি সম্পাদনা করা হয়েছে। নথিগুলি বিশ্লেষণ করার সময় প্রতিটি নথির উৎস এবং যেকোনো দৃষ্টিভঙ্গি যা এই নথিতে উপস্থাপন করা হতে পারে তা বিবেচনা করুন। মনে রাখবেন একটি নথিতে ব্যবহৃত ভাষা এবং ছবি সেই সময়ের ঐতিহাসিক প্রসঙ্গের প্রতিফলন করতে পারে যখন এটি তৈরি করা হয়।**

**ঐতিহাসিক প্রেক্ষাপট: লুইসিয়ানার ক্রয় করা অঞ্চলের ক্রয়**

মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস জুড়ে বহু সাংবিধানিক ও নাগরিক সমস্যা নিয়ে মার্কিনীদের মধ্যে বিতর্ক সৃষ্টি হয়েছে। স্বতন্ত্র কোনো ব্যক্তি, গোষ্ঠী এবং সরকারের মাধ্যমে সমস্যাগুলির সমাধানেরও চেষ্টা হয়েছে। প্রচেষ্টাগুলি বিভিন্ন মাত্রায় সফলতাও পেয়েছে। এই রকমই একটি অন্যতম সাংবিধানিক এবং নাগরিক সমস্যা হল *লুইসিয়ানার ক্রয় করা অঞ্চলের ক্রয়*।

**কাজ:** A-অংশের নথিগুলি পড়ুন ও বিশ্লেষণ করুন। মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে, 'A' অংশে প্রতিটি নথির পরবর্তী প্রশ্নের উত্তর দিন। আপনার লিখিত প্রশ্নের উত্তর B-অংশের প্রবন্ধ লিখতে সাহায্য করবে, যেখানে জিজ্ঞাসা করা হবে

- উক্ত সাংবিধানিক ও নাগরিক অধিকারকে কেন্দ্র করে তৈরি হওয়া দাবির ঐতিহাসিক প্রেক্ষাপট বিবৃত করুন
- এই সাংবিধানিক বা নাগরিক সমস্যা সমাধানের জন্য ব্যক্তি, গোষ্ঠী এবং/অথবা সরকারের প্রচেষ্টা ব্যাখ্যা করুন
- মার্কিন যুক্তরাষ্ট্র এবং/অথবা আমেরিকান সমাজে প্রচেষ্টার প্রভাব নিয়ে আলোচনা করুন

**অংশ III-এর উত্তরগুলি তৈরি করার সময়এই সাধারণ সংজ্ঞাগুলি মনে রাখবেন:**

(a) **<u>বর্ণনা করুন</u> অর্থ "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা"**

(b) **<u>ব্যাখ্যা করুন</u> অর্থ "সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা; বা কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক"**

(c) **<u>আলোচনা করুন</u> অর্থ "কোনো কিছু সম্পর্কে পর্যবেক্ষণ করা তথ্য, যুক্তি, এবং তর্ক ব্যবহার করে; বিশদভাবে পেশ করা"**

**নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনা**
**অংশ A**
**সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর (31–36)**

*নির্দেশনা:* নথিগুলি বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির পরে যে সংক্ষিপ্ত প্রশ্নগুলি আছে প্রদত্ত স্থানে তার উত্তর দিন।

**নথি 1**

. . . মার্কিন যুক্তরাষ্ট্র যখন 1783 সালে গ্রেট ব্রিটেনের কাছ থেকে তার স্বাধীনতা ছিনিয়ে এনেছিল, তখন তার প্রধান উদ্বেগের মধ্যে একটি ছিল নিজের পশ্চিম সীমানায় একটি ইউরোপীয় শক্তি এবং মিসিসিপি নদীতে অবাধ প্রবেশের প্রয়োজনীয়তা রয়েছে। আমেরিকান বসতি স্থাপনকারীদের পশ্চিম দিকে ঠেলে দেওয়ায় তারা দেখলো যে অ্যাপালাচিয়ান পর্বতমালা পূর্ব দিকে পণ্য পরিবহনে বাধা সৃষ্টি করছে। পণ্য পরিবহনের সবচেয়ে সহজ উপায় ছিল একটি ফ্ল্যাটবোট তৈরি করে ওহিও এবং মিসিসিপি নদী পার হয়ে নিউ অরলিন্স বন্দরে ভাসিয়ে দেওয়া, যেখান থেকে সমুদ্রগামী জাহাজে পণ্য আনা যেত। এই রুটের সমস্যা ছিল যে নাচেজের নিচে মিসিসিপি নদীর উভয় পাশে স্প্যানিশদের অধিকৃত ছিল।

1795 সালে মার্কিন যুক্তরাষ্ট্র স্পেনের সাথে পিঙ্কনি চুক্তিতে আপোষ করে, যা নদীতে নৌচলাচলের অধিকার এবং নিউ অরলিন্স বন্দরে মার্কিন পণ্য জমা দেওয়ার [রপ্তানি না হওয়া পর্যন্ত পণ্য সংরক্ষণের অধিকার] অধিকার প্রদান করে। . . . স্পেন লুইসিয়ানা থেকে নিজেদের বিচ্ছিন্ন [মুক্ত] করতে আগ্রহী ছিল, কারণ এটা তাদের আর্থিক সম্পদের উপর এক ধরনের চাপ সৃষ্টি করছিল। 1800 সালের 1 অক্টোবর, ফ্রান্সের প্রথম কনসাল নেপোলিয়ন বোনাপার্ট (Napoleon Bonaparte) স্পেনের সাথে সেন্ট ইলডেফোনসো চুক্তি সম্পাদন করেন, যার ফলে ইতালিতে একটি স্প্যানিশ রাজত্বের বিনিময়ে লুইসিয়ানা ফরাসি মালিকানায় ফিরে আসে। . . .

উৎস: “The Louisiana Purchase” (লুইসিয়ানা ক্রয়), *Museum Gazette,* National Park Service, ডিসেম্বর 1991 (অভিযোজিত)

31 এই নথির ভিত্তিতে, এমন ***একটি*** ঐতিহাসিক প্রেক্ষাপটের কারণ কী যার জন্য লুইসিয়ানা অধিভুক্ত অঞ্চল ক্রয় করা হয়েছিল? [1]

Score

**নথি 2**

. . . জেফারসন (Jefferson) কংগ্রেসের প্রাক্তন সদস্য এবং ভার্জিনিয়ার প্রাক্তন নিউ অরলিন্স এবং ফ্লোরিডাসের কিছু অংশকে সুরক্ষিত করতে গভর্নর জেমস মনরো (James Monroe)-কে (মহাদেশটির কিছু দক্ষিণ-পূর্ব অংশে মার্কিন যুক্তরাষ্ট্রের অবস্থানকে সুসংহত করার জন্য) $9,375,000 খরচ করার বিচক্ষণ ক্ষমতা দিয়ে প্যারিসে [রবার্ট আর. (Robert R.)] লিভিংস্টনের সাথে বিশেষ মন্ত্রী হিসেবে যোগ দিতে বলেছিলেন। . . .

12 এপ্রিল মনরো (Monroe) যতক্ষণে প্যারিসে এসে পৌঁছান, ততক্ষণে তাঁর অজ্ঞাতেই, পরিস্থিতি আমূল পাল্টে হয়েছিল: নেপোলিয়ন (Napoléon) হঠাৎ করেই পুরো লুইসিয়ানা অধিভুক্ত অঞ্চল যুক্তরাষ্ট্রের কাছে বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছিলেন। তিনি সবসময়ই পশ্চিম গোলার্ধে ফ্রান্সের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধারক হিসেবে বছরে প্রায় 700টি জাহাজ ভরাট করার জন্য পর্যাপ্ত চিনি, কফি, নীল, তুলা এবং কোকো উৎপাদন করার পাশাপাশি 500,000-এরও বেশি জনসংখ্যা নিয়ে সেন্ট ডোমিঙ্গুকে দেখেছেন। নেপোলিয়ন (Napoléon)-এর দৃষ্টিতে, লুইসিয়ানা অধিভুক্ত অঞ্চল, মূলত সেন্ট ডোমিঙ্গুর জন্য একটি শস্যভাণ্ডার হিসাবে দরকারি ছিল। হারিয়ে যাওয়ার আশঙ্কায়, উপনিবেশটি অঞ্চলটি কম দরকারি হয়ে পড়েছিল। তারপরেও, নেপোলিয়ন (Napoléon) ব্রিটেনের বিরুদ্ধে আরেকটি অভিযানের জন্য প্রস্তুতি নিচ্ছিলেন এবং তার জন্য তহবিলের প্রয়োজন ছিল। . . .

উৎস: Joseph A. Harriss, "How the Louisiana Purchase Changed the World" (কিভাবে লুইসিয়ানা ক্রয় বিশ্বকে পরিবর্তন করেছিল), *Smithsonian,* এপ্রিল 2003 (অভিযোজিত)

32 জোসেফ এ. হ্যারিস (Joseph A. Harriss)-এর মতে, এমন কোন ***একটি*** ঐতিহাসিক প্রেক্ষাপটের কারণে লুইসিয়ানা অধিভুক্ত অঞ্চল ক্রয় করা হয়েছিল? [1]

Score

## নথি 3

. . . যদিও চুক্তিটি [সমগ্র লুইসিয়ানা অঞ্চল বিক্রি করার জন্য নেপোলিয়ন (Napoleon)-এর প্রস্তাব] তাৎক্ষণিকভাবে জনপ্রিয় হয়েছিল, তবুও কিছু সমস্যা ছিল। ভাগ করা সীমানা নিয়ে গ্রেট ব্রিটেন এবং স্পেনের সাথে আলোচনা শুরু করা প্রয়োজন হবে। এবং সংবিধান অনুযায়ী এত বড় সম্পত্তি ক্রয় অনুমোদিত কিনা এবং থাকলেও সেটা কীভাবে তা নিয়ে একটি বিতর্ক ছিল।

জেফারসন (Jefferson) সাংবিধানিক ক্ষমতা সম্পর্কে কঠোর, আক্ষরিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছিলেন, যার অর্থ প্রেসিডেন্ট এবং নির্বাহী শাখার জন্য সংরক্ষিত নির্দিষ্ট ক্ষমতাগুলি সংবিধানে স্পষ্টভাবে উল্লেখ করা প্রয়োজন। বিদেশী সরকারের কাছ থেকে সম্পত্তি কেনার ক্ষমতা সংবিধানে তালিকাভুক্ত এই ক্ষমতাগুলির মধ্যে ছিল না। . . .

পরিবর্তে, জেফারসন (Jefferson) ফ্রান্সের সাথে চুক্তি সম্পাদনের একমাত্র উপায় হিসেবে সাংবিধানিক সংশোধনী বিবেচনা করেছিলেন। "সাধারণ সরকারের কোনো ক্ষমতা নেই, সংবিধান যতটুকু ক্ষমতা দেয়, ততটুকুই", তিনি 1803 সালে জন ডিকিনসন (John Dickinson)-কে লিখেছিলেন। “এটি বিদেশী ভূখণ্ড ধরে রাখার ক্ষমতা দেয়নি এবং সেটিকে ইউনিয়নে অন্তর্ভুক্ত করার ক্ষমতাও কম দেয়নি। এর জন্য সংবিধানের সংশোধন করা প্রয়োজন বলে মনে হচ্ছে।. . .

জেমস ম্যাডিসন (James Madison) সহ, জেফারসন (Jefferson)-এর মন্ত্রীসভা, সাংবিধানিক সংশোধনের প্রয়োজনীয়তা নিয়ে দ্বিমত পোষণ করেছিলেন। বছরের শুরুতে প্রেসিডেন্টকে তার ট্রেজারি সেক্রেটারি অ্যালবার্ট গ্যালাটিন (Albert Gallatin)-ও আশ্বস্ত করেছিলেন যে ফ্রান্সের সাথে যেকোনো সম্ভাব্য চুক্তি সংবিধানের চুক্তি প্রণয়নের বিধানের অধীনে অনুমোদিত এবং নিহিত থাকবে। . . .

সিনেটে এই নিয়ে বিতর্ক মাত্র দুই দিন স্থায়ী হয়েছিল। 20 অক্টোবর, 1803, সিনেট 24-7 অনুসমর্থনের পক্ষে ভোট দেয় এবং চুক্তিটি 31 অক্টোবর, 1803 স্বাক্ষরিত হয়। . . .

উৎস: “The Louisiana Purchase: Jefferson’s Constitutional Gamble” (লুইসিয়ানা ক্রয়: জেফারসনের সংবিধানগত জুয়া), *Constitution Daily,* National Constitution Center (অভিযোজিত)

33 এই নথির উপর ভিত্তি করে, লুইসিয়ানা ক্রয়ের ফলে উঠে আসা সাংবিধানিক সমস্যাটি মোকাবিলা করার ***একটি*** পদ্ধতি বলুন। [1]

Score

**নথি 4**

. . . যখন জেফারসন (Jefferson) এবং তার অনুসারীরা লুইসিয়ানাকে জায়গা দিতে নিজেদের রাজনৈতিক দর্শন পরিবর্তন করছিলেন, তখন (টিমোথি (Timothy)) পিকারিংয়ের নেতৃত্বে নিউ ইংল্যান্ডের ফেডারেলিস্টরাও সংবিধানের বিস্তৃত থেকে কঠোর ব্যাখ্যা পর্যন্ত একটি বিপরীতমুখী কাজ করছিলেন। এইভাবে, তারা ইউনিয়নে লুইসিয়ানার অন্তর্ভুক্তি রোধ করার আশা করেছিলেন। . . .

এককভাবে দাঁড়িয়ে, নিউ ইংল্যান্ড ফেডারেলিজম লুইসিয়ানা ক্রয়কে বিভিন্ন ভিত্তিতে আক্রমণ করতে শুরু করে। . . . এই জনশূন্য প্রান্তরের জন্য যে বিপুল পরিমাণ অর্থ প্রদান করতে হবে তার প্রতি অনেক মনোযোগ দেওয়া হয়েছিল। . . . কিছু মানুষের উদ্বেগ ছিল যে লুইসিয়ানাকে ফরাসি খেতাব দেওয়া স্পষ্ট ছিল না এবং এই অঞ্চল দখল করার চেষ্টায় মার্কিন যুক্তরাষ্ট্র স্পেনের সাথে যুদ্ধে জড়াবে, যার কাছ থেকেই ফ্রান্স লুইসিয়ানা পেয়েছিল। নিউ ইংল্যান্ড ফেডারেলিজমের অন্যান্য মতামত থেকে জানা গেছিল যে ক্রয়টি অসাংবিধানিকভাবে হয়েছে, সাধারণ সরকারের বিদেশী অঞ্চল অধিগ্রহণ করার ক্ষমতা নেই। . . .

যখন জেফারসন (Jefferson) 1803 সালের অক্টোবরে লুইসিয়ানা চুক্তি বিবেচনা করার জন্য কংগ্রেসের একটি বিশেষ অধিবেশনের ডাক দেন, তখন পিকারিং এবং কংগ্রেসে তার অনুসারী ফেডারেলিস্টরা চুক্তিটি না হতে দেওয়ার দৃঢ় সংকল্প নিয়ে ওয়াশিংটনে যান। সাংবিধানিক ভিত্তির উপর নির্ভর করে তারা আক্রমণ করেছিলেন। . . .

উৎস: Thomas J. Farnham, "The Federal-State Issue and the Louisiana Purchase" (ফেডারেল-স্টেট প্রশ্ন ও লুইসিয়ানা ক্রয়), *Louisiana History: The Journal of the Louisiana Historical Association,* 1965 (অভিযোজিত)

34 থমাস জে. ফার্নহাম (Thomas J. Farnham)-এর মতে, লুইসিয়ানা ক্রয়ের বিরোধিতা করার জন্য ফেডারেলিস্টদের হাতে ***একটি*** প্রয়াস কী ছিল? [1]


Score

এই পৃষ্ঠা ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।

পরবর্তী পৃষ্ঠায় যান ⇨

**নথি 5a**

## লুইসিয়ানা ক্রয় এবং পশ্চিমী খোঁজ




উৎস: Joyce Appleby et al., *The American Journey* (*আমেরিকান যাত্রা*), Glencoe McGraw-Hill, 2003 (অভিযোজিত)

**নথি 5b**

. . . একটা স্বাভাবিক দেশের আকার কেমন হওয়া উচিত তার একটা ধারণা বেশিরভাগ মানুষেরই মনে ছিল। তারা ইউরোপের মতো ছোট ছোট আকারে অভ্যস্ত হয়ে যাচ্ছিল। হঠাৎ করেই মার্কিন যুক্তরাষ্ট্রের মনে হল অনায়াসে বিশাল হয়ে ওঠার ফলে তারা ঝুঁকিতে পড়েছে, যেন মানুষের মধ্যে এক বিশাল দানবের আবির্ভাব ঘটবে। প্রায় নয় লক্ষ বর্গমাইলের ভার্জিন এলাকাটি আদতেই শূন্যতায় পূর্ণ ছিল, প্রথমে, এটি পূরণ করা যাবে কিনা তা নিয়েই বেশ সন্দেহ ছিল। এটির বেশিরভাগ অংশ তখনও ছিল মরুভূমি, মূলত জনবসতিহীন এবং তখনও খুব বেশি শাসনের চাহিদাও ছিল না; এটি তাৎক্ষণিক উদ্বেগের বিষয় ছিল না, কেবল ভবিষ্যতের জন্য একটি ভয় ছিল মাত্র। কিন্তু কিছু সময়ের জন্য, অনেক আমেরিকানের মনেই এই ভয় দানা বেঁধেছিল। . . .

লুইসিয়ানা ক্রয়ের মূল লক্ষ্য ছিল প্রধান শহর নিউ অরলিন্সের উত্তর ও পশ্চিমে বিশাল বিস্তৃতি, অর্থাৎ আট লক্ষ পঁচাত্তর হাজার বর্গমাইল জমি থেকে সম্পূর্ণ বা বৃহৎ অংশে তেরোটি নতুন স্টেট তৈরি হবে। মেক্সিকো উপসাগর থেকে কানাডিয়ান সীমান্তে ঊর্ধ্বমুখী এই স্টেটগুলি হল লুইসিয়ানা, আরকানসাস, ওকলাহোমা, মিসৌরি, কানসাস, আইওয়া, নেব্রাস্কা, মিনেসোটা, সাউথ ডাকোটা, নর্থ ডাকোটা, কলোরাডো, ওয়াইমিং এবং মন্টানা। তাদের রাষ্ট্রীয় মর্যাদা লাভে উনিশ শতকের বেশিরভাগ সময়ই কেটে গেছিল, কিন্তু এই সময়ের মধ্যেই, প্রাচ্যের জনগণ যে এই প্রক্রিয়ার অংশ ছিল তাতে কোনো সন্দেহ ছিল না। এমনকি যারা কখনও পশ্চিম উপকূলে ভ্রমণের পরিকল্পনা করেননি তারাও এটিকে তাদের দেশের অংশ বলে মনে করেছিলেন এবং বেশিরভাগই এটিকে বাঁচাতে লড়াই করতেন। . . .

উৎস: Charles A. Cerami, *Jefferson's Great Gamble* (*জেফারসনের জুয়া*), Sourcebooks, 2003 (অভিযোজিত)

35 এইসকল নথির ভিত্তিতে, মার্কিন যুক্তরাষ্ট্রে লুইসিয়ানা ক্রয়ের ***একটি*** প্রভাব কী ছিল? [1]

Score

## নথি 6

অনেক ঐতিহাসিক লুইসিয়ানা ক্রয় এবং এর প্রভাব সম্পর্কে লিখেছেন।

> লুইসিয়ানা অধিভুক্ত অঞ্চলটি ছিল এক অজানা অঞ্চল। এটি সম্পর্কে কল্পনার চেয়ে [প্রকৃত তথ্য] কমই ছিল। লুইসিয়ানা ক্রয়ের সময় যা স্পষ্ট ছিল তা হল এটি আমেরিকাকে সত্যিকার অর্থে একটি মহাদেশীয় শক্তি হয়ে ওঠার পথে নিয়ে গিয়েছিল। . . .
>
> ঐতিহাসিক হেনরি অ্যাডামস (Henry Adams) লিখেছিলেন: "লুইসিয়ানার অধিগ্রহণ ছিল এমন একটি আকর্ষণীয় [গুরুত্বপূর্ণ] ঘটনা যা পরিমিতি অস্বীকার করার মতোই ছিল; এটি রাজনীতিতে এক নতুন মুখ এনে দিয়েছে এবং ঐতিহাসিক গুরুত্বে স্বাধীনতার ঘোষণা এবং সংবিধান গ্রহণের পরেই স্থান করে নিয়েছে—যে সমস্ত ঘটনা যৌক্তিক পরিণাম ছিল এটি; কিন্তু কূটনীতির দিকেও এটি ছিল অতুলনীয়, কারণ এর জন্য প্রায় কোনও খরচ হয়নি।" লুইসিয়ানা ক্রয় আমেরিকার আকৃতি এবং ভাগ্য পরিবর্তন করেছিল—কিন্তু আন্তর্জাতিক সম্পর্ককেও প্রভাবিত করেছিল। . . .
>
> লুইসিয়ানা ক্রয় দেশ সম্প্রসারণের পরিকাঠামো প্রদান করলেও, এটি দেশের সম্ভাব্য ধ্বংসের বীজও বপন করেছিল। ঐতিহাসিক সিয়ান উইলেন্টজ (Sean Wilentz) লেখেন: "আগামী দশকগুলিতে, এই ক্রয়ের পরিণতি দাসপ্রথার সম্প্রসারণের সাথে সম্পর্কিত সাংবিধানিক বিষয়গুলি সম্পর্কে প্রকৃতপক্ষে জনমতকে বিক্ষুব্ধ করবে—এবং দেশকে টুকরো টুকরো করতে সাহায্য করবে।" . . .

উৎস: "The Louisiana Purchase: Aftermath" (লুইসিয়ানা ক্রয়: পরিণতি), The Lehrman Institute online (অভিযোজিত)

36 এই নথির ভিত্তিতে, মার্কিন যুক্তরাষ্ট্রে লুইসিয়ানা ক্রয়ের ***একটি*** প্রভাব বলুন? [1]

______________________________________________________________

______________________________________________________________

Score

## অংশ B

## নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনা ধরনের প্রশ্ন (37)

*নির্দেশনা*: একটি ভালভাবে সংগঠিত রচনা লিখুন যাতে একটি ভূমিকা, বেশ কয়েকটি অনুচ্ছেদ, এবং একটি উপসংহার রয়েছে। রচনাটিতে অন্তত ***চারটি*** নথি থেকে প্রমাণ ব্যবহার করুন। প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিশদ তথ্য দিয়ে আপনার প্রতিক্রিয়া সমর্থন করুন। অতিরিক্ত বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করুন।

### ঐতিহাসিক প্রেক্ষাপট: লুইসিয়ানা অধিভুক্ত অঞ্চলের ক্রয়

মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস জুড়ে বহু সাংবিধানিক ও নাগরিক সমস্যা নিয়ে মার্কিনীদের মধ্যে বিতর্ক সৃষ্টি হয়েছে। স্বতন্ত্র কোনো ব্যক্তি, গোষ্ঠী এবং সরকারের মাধ্যমে সমস্যাগুলির সমাধানেরও চেষ্টা হয়েছে। প্রচেষ্টাগুলি বিভিন্ন মাত্রায় সফলতাও পেয়েছে। এই রকমই একটি অন্যতম সাংবিধানিক এবং নাগরিক সমস্যা হল *লুইসিয়ানা অধিভুক্ত অঞ্চলের ক্রয়*।

**কাজ:** নথি থেকে তথ্য এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে, একটি রচনা লিখুন যাতে আপনি

- উক্ত সাংবিধানিক ও নাগরিক অধিকারকে কেন্দ্র করে তৈরি হওয়া দাবির ঐতিহাসিক প্রেক্ষাপট বিবৃত করুন।
- এই সাংবিধানিক বা নাগরিক সমস্যা সমাধানের জন্য ব্যক্তি, গোষ্ঠী এবং/অথবা সরকারের প্রচেষ্টা ব্যাখ্যা করুন
- মার্কিন যুক্তরাষ্ট্র এবং/অথবা আমেরিকান সমাজে প্রচেষ্টার প্রভাব নিয়ে আলোচনা করুন

### নির্দেশিকা:

**আপনার রচনায় অবশ্যই**

- কাজটির সকল দিক বিকাশ করবেন
- এই বিষয়ের মোকাবিলা করার জন্য *অন্তত **দুটি*** প্রচেষ্টা ব্যাখ্যা করুন
- *অন্তত **চারটি*** নথি থেকে তথ্য অন্তর্ভুক্ত করুন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিশদ তথ্য দিয়ে মূলভাবটি সমর্থন করুন
- সংগঠিত করার জন্য একটি যুক্তিসম্মত এবং স্পষ্ট পরিকল্পনা ব্যবহার করুন, একটি ভূমিকা এবং একটি উপসংহার সহ যা মূলভাব পুনঃব্যক্ত করাকে ছাড়িয়ে যায়

REGENTS EXAM IN U.S. HISTORY AND GOVERNMENT BENGALI EDITION

পুনর্ব্যবহৃত কাগজে মুদ্রিত হয়েছে

REGENTS EXAM IN U.S. HISTORY AND GOVERNMENT BENGALI EDITION